

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে যোগ্য প্রার্থীদের মধ্য হতে পূরণ করার জন্য রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার অধিবাসী ব্যতীত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইন এ আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১.	উপসহকারী কৃষি কর্মকর্তা	১৪৭৯টি	১২৫০০-৩০২৩০/-	বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা	জেলায় শূন্য পদ না থাকায় মানিকগঞ্জ, শেরপুর, নাটোর, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, মেহেরপুর, নড়াইল, ঝালকাঠি, পিরোজপুর, ফরিদপুর ও রাজবাড়ী জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন (তবে এতিমখানা নিবাসী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন)।

নিয়োগের শর্তাবলীঃ

১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে।

২. অনলাইন-এ আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়ঃ

ক. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০১ জুন ২০১৬খ্রিঃ সকাল ১০.০০ টা।

খ. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৩০ জুন ২০১৬ খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ টা।

গ. আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় : ৩০ জুন ২০১৬ খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ টা।

শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা (অর্থাৎ ০৩ জুলাই ২০১৬ খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত) SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ Applicant's Copy-তে উল্লিখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘন্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া হলো। কাজেই শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৩. বয়স সীমাঃ ৩১ মে ২০১৬ খ্রিঃ তারিখে বয়সঃ

ক. সকল প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী ব্যতীত)।
জন্ম তারিখ সর্বনিম্ন ৩০ মে ১৯৯৮ খ্রিঃ এবং সর্বোচ্চ ৩০ মে ১৯৮৬ খ্রিঃ পর্যন্ত।

খ. মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ১৮ থেকে ৩২ বছর। জন্মতারিখ সর্বনিম্ন ৩০মে ১৯৯৮ খ্রিঃ এবং সর্বোচ্চ ৩০ মে ১৯৮৪ খ্রিঃ পর্যন্ত।

গ. মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়স ১৮ থেকে ৩০ বছর।

ঘ. প্রার্থীর বয়স কম বা বেশী হলে আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।


৪. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৫. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে ছব্ব সেভাবে লিখতে হবে।

৬. বিজ্ঞাপিত পদের প্রেক্ষিতে শুধুমাত্র অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই প্রক্রিয়া শেষে স্বল্প সময়ের মধ্যে লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং যোগ্য প্রার্থীগণই শুধুমাত্র লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৭. অনলাইন-এ আবেদনপত্র পূরণের ক্ষেত্রে শুধুমাত্র Teletalk Bangladesh Limited এর Web Address <http://dae.teletalk.com.bd> অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের Web Address: www.dae.gov.bd থেকে প্রাপ্ত অনলাইন আবেদনপত্র বৈধ বলে গণ্য হবে।

৮. “উপসহকারী কৃষি কর্মকর্তা” পদে নিয়োগের অনলাইন আবেদনে উল্লিখিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।
৯. অনলাইনে ফরম পূরণের সংক্ষিপ্ত পদ্ধতিঃ
- প্রার্থীকে টেলিটক বাংলাদেশ লিঃ- এর ওয়েব সাইট <http://dae.teletalk.com.bd> অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইট www.dae.gov.bd এর মাধ্যমে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করে online registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েব সাইট ওপেন করলে (১) “উপসহকারী কৃষি কর্মকর্তা” পদে নিয়োগ ২০১৬ এর বিজ্ঞপ্তি/Advertisement, (২) অনলাইন-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলী এবং (৩) “উপসহকারী কৃষি কর্মকর্তা” পদে নিয়োগ ২০১৬ এর জন্য নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হবে। Application Form এর লিংক এ ক্লিক করলে Sub Assistant Agriculture Officer রেডিও বাটন দৃশ্যমান হবে। Sub Assistant Agriculture Officer রেডিও বাটন সিলেক্ট করে Next বাটনে ক্লিক করলে Application Form পাতায় প্রবেশ করা যাবে।
১০. Advertisement এর লিংক ক্লিক করলে “উপসহকারী কৃষি কর্মকর্তা” পদে নিয়োগ ২০১৬ এর বিজ্ঞাপন পাওয়া যাবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের www.dae.gov.bd ওয়েব সাইটে অনলাইন আবেদনপত্র পূরণের বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেয়া থাকবে। অনলাইন ফরম পূরণের পূর্বে প্রার্থী উক্ত নির্দেশনা অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত্ব করে নিতে পারবেন। এছাড়া নির্ভুলভাবে আবেদন করার ক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আইসিটি ব্যবস্থাপনা অনুশাখা এবং জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর হতে প্রয়োজনীয় তথ্যাদি ও সহযোগিতা পাওয়া যাবে।
১১. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের Web Address: www.dae.gov.bd-এ “উপসহকারী কৃষি কর্মকর্তা” নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।



(মোঃ মোয়াজ্জেম হোসেন)

উপপরিচালক (পার্সোনেল)

ও

সদস্য সচিব

বিভাগীয় বাছাই/ নির্বাচনী কমিটি